



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/20/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নরের সেক্রেটারি, মেলিসা ডিরোজা এবং নিউ ইয়র্ক স্টেট মহিলা ও মেয়ে বিষয়ক কাউন্সিল  
COVID-19 মেটারনিটি টাস্ক ফোর্স চালু করেছেন

*টাস্ক ফোর্সটি মায়েদেরকে ইতোমধ্যে চাপে থাকা হাসপাতালগুলির নিরাপদ বিকল্প প্রদান করতে  
নিউ ইয়র্ক স্টেটের জন্য অতিরিক্ত জন্ম কেন্দ্র অনুমোদন ও সত্যায়িত করার পরিকল্পনা বাস্তবায়ন  
করবে*

*এই সপ্তাহের মধ্যেই পরামর্শগুলি প্রস্তুত থাকবে কারণ সপ্তাহের শেষে দিকে গভর্নর কুওমোও*

*গর্ভাবস্থায় COVID-19 এর প্রভাব পর্যালোচনা করবেন*

গভর্নরের সেক্রেটারি, মেলিসা ডিরোজা এবং নিউ ইয়র্ক স্টেট মহিলা ও মেয়ে বিষয়ক কাউন্সিল  
আজ একটি COVID-19 মেটারনিটি টাস্ক ফোর্স গঠনের ঘোষণা দিয়েছেন যাতে চলমান  
করোনাভাইরাস মহামারীর এই সময়ে মায়েদেরকে ইতোমধ্যে চাপে থাকা হাসপাতালগুলির বিকল্প  
হিসেবে নিরাপদ নিবেদিত অতিরিক্ত জন্মদান কেন্দ্র তৈরি করার পরিকল্পনাকে অনুমোদন ও সত্যায়িত  
করার সবচেয়ে ভালো উপায় বের করা করা যায়। টাস্ক ফোর্স সপ্তাহের শেষে গভর্নর কুওমো-র  
কাছে সুপারিশগুলি উপস্থাপন করবে।

পাশাপাশি, টাস্ক ফোর্সটি লিখিত ব্যাপারগুলি পর্যালোচনা করতে ও গর্ভাবস্থায় COVID-19 এর  
প্রভাবের বিষয়ে পরামর্শ দিতে আঞ্চলিক পেরিনাটাল কেন্দ্রগুলির সঙ্গে কাজ করবে।

"এই মহামারি আমাদের হাসপাতালের ব্যবস্থাকে এমন তীব্রভাবে আক্রান্ত করেছে যে কেউ কখনো  
কল্পনাও করতে পারেনি, এবং যেহেতু প্রসবের সময় মায়েদের সাথে তাদের একজন সুস্থ অংশীদার,  
বন্ধু বা পরিবারের সদস্য থাকতে পারার বিষয় নিশ্চিত করার ক্ষেত্রে নিউ ইয়র্ক অগ্রগামী, সেহেতু  
তাদের অভিজ্ঞতার এই চাপ কম রাখার জন্য আমাদের অতিরিক্ত উপায় খোঁজা উচিত এবং আমরা  
তা করতে পারি," **গভর্নরের সেক্রেটারি এবং নিউ ইয়র্ক স্টেট মহিলা ও মেয়ে বিষয়ক কাউন্সিলের  
চেয়ারম্যান মেলিসা ডিরোজা বলেন।** "হাসপাতালগুলির উপর চাপ হ্রাস করে এবং ইতোমধ্যে চাপে  
থাকা মায়েদের জন্য একটি সহায়ক পরিবেশ প্রদান করে জন্ম কেন্দ্রগুলি কম ঝুঁকিপূর্ণ গর্ভাবস্থায়  
জন্য একটি নিরাপদ বিকল্প হিসেবে কাজ করতে পারে। গভর্নরের জন্য যত দ্রুত সম্ভব পরামর্শসমূহ  
প্রস্তুত করার জন্য আমি ক্রিস্টি ও এই বহুমুখী টাস্ক ফোর্সের সাথে কাজ করার অপেক্ষায় আছি।"

"গভর্নর কুওমো এবং নিউ ইয়র্ক স্টেট COVID-19 এর বিরুদ্ধে লড়াইয়ে জাতীয় নেতৃত্বে আছেন এবং এই সঙ্কটের সময় তাদের নারী ও পরিবারের স্বাস্থ্য ও নিরাপত্তাকে অগ্রাধিকার দেওয়ার ফলে এই বিষয়টি কেবল আরো গুরুত্ব পাচ্ছে," **এভরি মাদার কাউন্টস (Every Mother Counts) এর প্রতিষ্ঠাতা ক্রিস্টি টার্লিংটন বার্নস বলেন।** "জরুরি ভিত্তিতে মায়েদের সুরক্ষিত করতে এবং নারীরা যাতে বহল-প্রয়োজনীয় নিরাপদ জন্মদানের বিকল্পগুলি পান সেটি নিশ্চিত করতে আমি মেলিসা ও এই টাস্ক ফোর্সের অন্য সদস্যদের সাথে কাজ করতে পেরে সম্মানিত বোধ করছি।"

মেলিসা ডিরোজার সভাপতিত্বে এই টাস্কফোর্সটি স্টেট স্বাস্থ্য বিভাগের সাথে একযোগে অবসট্যাট্রিকাল প্রোভাইডার, পেডিয়াট্রিক কেয়ার প্রোভাইডার ও পরিবার পরিকল্পনা সংস্থার স্টেকহোল্ডারদের সমন্বয়ে গঠিত হবে। সদস্যদের তালিকা নিচে দেওয়া আছে:

- Christy Turlington Burns, founder of Every Mother Counts
- Christa Christakis, MPP – Executive Director, American College of Obstetricians & Gynecologists District II
- Sascha James–Conterelli, DNP, RN, CNM, FACNM – President, NYS Association of Licensed Midwives
- Loretta Willis, Vice President Quality & Research, Healthcare Association of NYS
- Lorraine Ryan, Sr. VP Legal Regulatory & Professional Affairs Greater NY Hospital Association
- Rose Duhan, President & CEO, Community Health Care Association of NYS
- Ngozi Moses, Executive Director Brooklyn Perinatal Network
- Nan Strauss – Every Mother Counts
- Dr. Deborah E. Campbell, MD – Montefiore Medical Center
- Natasha Nurse–Clarke, PhD, RN – Regional Perinatal Center Coordinator, Maimonides
- Dr. Dena Goffman, MD – NYP/Columbia
- Rev. Diann Holt – Founder/Executive Director Durham's Baby Café
- Cynthia Jones, MD, MPH – Mosaic Health Center

টাস্ক ফোর্সটি COVID-19 জরুরি অবস্থা চলাকালীন একটি এড-হক স্ট্যাটাস বজায় রাখবে যাতে গর্ভাবস্থা থেকে প্রসবোত্তর সময়কাল পর্যন্ত COVID-19 সংক্রান্ত যেকোনো বাড়তি সমস্যা চিহ্নিত ও মোকাবেলা করা যায়।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)